



স্মারক নং: ৩৭.২০.০০০০.০০৫.১৪.০৮৭.১৯/IEIMS - ২৬০

তারিখ: ১১ জৈষ্ঠ, ১৪২৮
২৫ মে, ২০২১**বিষয়: ইউনিক আইডি প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীদের প্রোফাইল ও ডেটাবেজ প্রণয়নের জন্য তথ্যছক পূরণ সংক্রান্ত।**

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক বাস্তবায়নাধীন "Establishment of Integrated Educational Information Management System (IEIMS)" শীর্ষক প্রকল্পের মাধ্যমে Civil Registration and Vital Statistics (CRVS) ব্যবস্থার আলোকে শিক্ষার্থীদের Unique Identification Number (UID) প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে এ সংক্রান্ত ডেটাবেজ প্রণয়ন ও শিক্ষার্থীর তথ্য সংগ্রহের লক্ষ্যে সকল শিক্ষাপ্রতিষ্ঠান বরাবর প্রয়োজনীয় সংখ্যক তথ্য ফরম প্রেরণ করা হয়েছে এবং একই সঙ্গে এ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের সময়সীমার Gantt Chart প্রেরণ করা হয়েছে। কোভিড-১৯ অতিমারীর কারণে শিক্ষাপ্রতিষ্ঠানের স্বাভাবিক কার্যক্রম বন্ধ থাকায় উল্লিখিত সময়সীমা মধ্যে তথ্যছক শিক্ষার্থীদের নিকট সরবরাহ এবং তথ্যছক পূরণের পর শিক্ষা প্রতিষ্ঠানে জমা প্রদানে বিঘ্ন ঘটছে। তবে স্বাস্থ্য ঝুঁকির বিষয় বিবেচনায় নিয়ে সতর্কতার সঙ্গে শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক তথ্যছক পূরণের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

০২। শিক্ষার্থীদের পূরণকৃত তথ্যছকের তথ্য জন্মনিবন্ধন কর্তৃপক্ষের ডেটাবেজে প্রেরণের পর ইউনিক আইডি প্রাপ্তির ক্ষেত্রে শিক্ষার্থীদের অনলাইন জন্মনিবন্ধন প্রয়োজন। শিক্ষার্থীদের ম্যানুয়েল জন্ম নিবন্ধন থাকলে জন্ম নিবন্ধন কর্তৃপক্ষের ডেটাবেজ থেকে তাদের ইউনিক আইডি পাওয়া যাবে না।

০৩। শিক্ষার্থীদের পিতা বা মাতার যে কোনো একজনের এনআইডি নম্বর, নাম, জন্ম তারিখ প্রভৃতি তথ্যছকে প্রদান করতে হবে। শিক্ষার্থীর পিতা বা মাতার তথ্য এনআইডি কর্তৃপক্ষের ডেটাবেজ থেকে তথ্য যাচাইয়ের জন্য প্রেরণ করা হবে। এনআইডি এর তথ্য প্রদান করলে পিতা-মাতার জন্মনিবন্ধন তথ্য প্রদান বাধ্যতামূলক নয়। তবে এনআইডি না থাকলে পিতা বা মাতার অনলাইন জন্ম নিবন্ধনের প্রয়োজন হবে।

০৪। শিক্ষার্থীদের রক্তের গ্রুপ তথ্য ফরমে প্রদান বাধ্যতামূলক নয়। এক্ষেত্রে রক্তের গ্রুপ পরবর্তী সময়ে প্রদান করা যেতে পারে।


০৫। ২০২১ সালের এসএসসি ও এইচএসসি পরিক্ষার্থীদেরও তথ্যছক পূরণ করতে হবে। তথ্যছক পূরণের পর প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের দ্বারা ডেটা এন্ট্রির কাজ শুরু করতে হবে।

০৬। শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন অনলাইনে সংগ্রহের ক্ষেত্রে সমস্যা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অথবা অভিভাবকগণকে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের নজরে আনার জন্য অনুরোধ করা হলো। উপজেলা নির্বাহী অফিসার এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃপক্ষের এবং জেলা পর্যায়ে উপ-পরিচালক (স্থানীয় সরকার), জেলা প্রশাসক কার্যালয়ের নজরে আনার জন্য অনুরোধ করা হলো। এ সকল বিষয়ে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসারগণ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

০৭। তথ্যছক পূরণের বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থী বা অভিভাবকের নিকট থেকে অর্থ গ্রহণ করতে পারবেন না। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক উক্ত কার্যক্রম বাস্তবায়নে যাতে কোনো প্রকার হয়রানি বা ভোগান্তি এবং স্বাস্থ্য ঝুঁকির সৃষ্টি না হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

বিতরণ:

- ১। অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক.....
- ২। প্রধান শিক্ষক


 (প্রফেসর মো: শামছুল আলম)

প্রকল্প পরিচালক

IEIMS প্রকল্প, ব্যানবেইস

ফোন: ৫৫১৫১৬২৫

E-mail: pdieims@banbeis.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- (২) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- (৩) রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন;
- (৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- (৫) মহাপরিচালক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- (৬) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- (৭) মহাপরিচালক, ব্যানবেইস;
- (৮) আঞ্চলিক পরিচালক..... অঞ্চল;
- (৯) জেলা শিক্ষা অফিসার.....জেলা;
- (১০) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/সহকারী প্রোগ্রামার..... উপজেলা (সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানে অবহিত করার অনুরোধসহ);
- (১১) অফিস কপি।